AKASHVANI KOLKATA

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 05-11-2026 **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য সরকার আজ আনুষ্ঠিকভাবে নতুন শিল্পনীতি ঘোষণা করতে চলেছে।

পশ্চিম মেদিনীপুরে আগামী বছর জানুয়ারির প্রথম সপ্তাহে জিন্দল গোষ্ঠীর দ্বিতীয় বিদ্যুৎ উৎপাদন ইউনিটের কাজের সূচনা হবে।

২) ৩০ নভেম্বরের মধ্যে রাজ্য সরকারি কর্মচারীদের বকেয়া মহার্ঘ্যভাতা মিটিয়ে দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা করেছেন।

৩) রাজ্যে আয়ুষ্মান ভারত প্রকল্পের সূচনার তিন মাসের মধ্যে প্রায় ২ লক্ষ ২০ হাজার মানুষ এর আওতায় চিকিৎসা পরিষেবা পেয়েছেন।

৪) পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকারের আমলে বিপুল পরিমাণ রাজস্ব পাচার হয়ে যেত বলে অভিযোগ করেছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

৫) পঞ্চম থেকে অষ্টম শ্রেণীর পাঠ্যক্রমে আগামী শিক্ষা বর্ষ থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইসিটি যুক্ত করা হচ্ছে।

একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের জন্য চতুর্থ পর্যায়ের ইন্টারভিউ শুরু হবে আগামী ১৮ ই নভেম্বর।

রাজ্য সরকার আজ আনুষ্ঠিকভাবে নতুন শিল্পনীতি ঘোষণা করতে চলেছে। শিল্প সংক্রান্ত মন্ত্রীগোষ্ঠী, দপ্তরের আধিকারিক, বিভিন্ন শিল্পপতি ও বণিক সংগঠনের প্রতিনিধিদের উপস্থিতিতে আজ বিকালে নবান্ন সংলগ্ন সভাঘরে রাজ্যের নতুন শিল্পনীতি ঘোষণা করবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

উল্লেখ্য, নতুন এই শিল্পনীতির মূল উদ্দেশ্য বড় বিনিয়োগ আকর্ষণ, কর্মসংস্থান বৃদ্ধি ও ব্যবসার কাজ আরও সহজ করা। একশো কোটি টাকার বেশি বিনিয়োগে বিশেষ আর্থিক সুবিধা দেওয়ারও প্রস্তাব রয়েছে এতে।

পাশাপাশি পরিবেশ সংক্রান্ত ছাড়পত্রও, জমির মিউটেশন ও চরিত্র পরিবর্তন, ট্রেড লাইসেন্স এবং বিল্ডিং প্ল্যান অনুমোদনরে মত পরিষেবা আরও দ্রুত এক জানালা ব্যবস্থার আওতায় আনার পরিকল্পনা করা হয়েছে।

পশ্চিম মেদিনীপুরে আগামী বছর জানুয়ারির প্রথম সপ্তাহে জিন্দল গোষ্ঠীর দ্বিতীয় বিদ্যুৎ উৎপাদন ইউনিটের কাজের সূচনা হবে। নবান্নে গতসন্ধ্যায় JSW গ্রুপের চেয়ারম্যান শিল্পপতি সজ্জন জিন্দলের সঙ্গে বৈঠকের পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, ডিসেম্বরের মধ্যেই প্রকল্পের জনশুনানি শেষ হওয়ার পর বছরের শুরুতে প্রকল্পের ভূমি পুজো হবে।

বৈঠকে শিল্পে কর্মসংস্থান নিয়েও আলোচনা হয়েছে। কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা–সিএসআর-এর আওতায় মেদিনীপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের দায়িত্ব নেওয়ার আগ্রহও প্রকাশ করেছে জিন্দল গোষ্ঠী। মুখ্যমন্ত্রী জানান, বিষয়টি খতিয়ে দেখতে স্বাস্থ্য সচিবকে নির্দেশ দেওয়া হয়েছে। হাসপাতালের আধুনিকীকরণ, বিশেষ

করে হৃদরোগ চিকিৎসা ও নবজাতক পরিচর্যা পরিষেবা আরও উন্নত করার বিষয়ে সংস্থার আগ্রহ রয়েছে।

এ ছাড়াও রাজ্যের কয়েকটি প্রাচীন মন্দির সংস্কার ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রেও কাজ করার প্রস্তাব দিয়েছেন শিল্পপতি।

সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে ৩০ নভেম্বরের মধ্যেই রাজ্য সরকারি কর্মচারীদের বকেয়া মহার্ঘ্যভাতা মিটিয়ে দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা করেছেন। নবান্নে গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি জানান, হিসাব অনুযায়ী প্রাপ্য বকেয়ার পরিমাণ প্রায় ১২ হাজার কোটি টাকা। এর একটি বড় অংশ ইতিমধ্যেই পরিশোধ করা হয়েছে। বাকি প্রায় সাড়ে তিন হাজার কোটি টাকা ৩০ নভেম্বরের মধ্যে মিটিয়ে দেওয়া হবে।

অনুদানপ্রাপ্ত স্কুলের শিক্ষক-শিক্ষাকর্মীদের ডিএ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, আগামী ১৪ ডিসেম্বর সুপ্রিম কোর্ট নিযুক্ত মালহোত্রা কমিটির বৈঠকে সব পক্ষের বক্তব্য শোনার পর তাদের সুপারিশের ভিত্তিতেই এই বিষয়ে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

বাইট

তবে নীতিগত ভাবে শিক্ষক-শিক্ষাকর্মীদের ডিএ পাওয়ার অধিকার রয়েছে বলেও মন্তব্য করেন মুখ্যমন্ত্রী। ডিএ-র আর্থিক দায় মেটানোর পাশাপাশি বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্প, নিয়োগ প্রক্রিয়া এবং সামাজিক সুরক্ষা প্রকল্পের অর্থ বরাদ্দও রাজ্য সরকার একযোগে চালিয়ে যাচ্ছে বলে তিনি জানান।

চিকিৎসা, সন্তানদের পড়াশোনা বা কোনো পারিবারিক কারণে জরুরি আর্থিক প্রয়োজনে সরকারি কর্মচারীদের জন্য অগ্রিম বেতন প্রকল্প-স্যালারি অ্যাডভান্স স্কিম চালু করেছে রাজ্য। অর্থ দপ্তরের জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রাজ্য সরকারের গ্রুপ এ, বি, সি এবং ডি বিভাগের সব নিয়মিত কর্মচারী জিরো কস্ট এন্ড জিরো লায়াবিলিটি ভিত্তিতে এই প্রকল্পের সুবিধা পাবেন। নির্দিষ্ট শর্তের ভিত্তিতে স্বল্প অথবা দীর্ঘমেয়াদি ভিত্তিতে এই অগ্রিম নিতে পারবেন কর্মীরা। বেতনের সর্বোচ্চ ৫০ শতাংশ পর্যন্ত অগ্রিম নেওয়া যাবে।

রাজ্যে আয়ুষ্মান ভারত প্রকল্পের সূচনার তিন মাসের মধ্যে প্রায় ২ লক্ষ ২০ হাজার মানুষ এর আওতায় চিকিৎসা পরিষেবা পেয়েছেন। এর জন্য ৩৫৫ কোটি টাকারও বেশি খরচ হয়েছে বলে সামাজিক মাধ্যমে জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এখনও পর্যন্ত রাজ্যে ৪ কোটি ২০ লক্ষ মানুষ এই প্রকল্পে নাম নথিভুক্ত করেছেন। ৬ হাজারেরও বেশি মানুষ ইতোমধ্যে ভিন রাজ্যের হাসপাতালে চিকিৎসা করিয়েছেন।

অন্যদিকে, রাজ্যের হাসপাতালগুলিতে চিকিৎসা করিয়েছেন ভিন রাজ্যের ৬ হাজারেরও বেশি উপভোক্তা।

উল্লেখ্য গত ১৬ অগস্ট রাজ্যে এই প্রকল্প চালু হয়।

পশ্চিমবঙ্গ আবাস প্রকল্পে আগামী ১৩ নভেম্বর আরও ৭ লক্ষ ২০ হাজার সুবিধাপ্রাপকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে দ্বিতীয় কিস্তির অর্থ পাঠাবে রাজ্য সরকার। সাংবাদিকদের মুখ্যমন্ত্রী জানিয়েছেন, ওই দিন প্রায় ৪ হাজার ২০০ কোটি টাকা উপভোক্তাদের অ্যাকাউন্টে সরাসরি স্থানান্তর করা হবে।

পূর্বতন সরকারের আমলে প্রথম কিস্তি পাওয়া ১০ লক্ষ ২০ হাজার আবাস উপভোক্তাকে বর্তমান সরকার ইতিমধ্যেই দ্বিতীয় কিস্তির টাকা দিয়েছে।

বাড়ি নির্মাণের সঙ্গে যুক্ত জবকার্ডধারীরা 'ভিবিজি রামজি' প্রকল্পের আওতায় ৯০ দিনের কর্মসংস্থানের সুযোগ পাবেন। পাশাপাশি প্রতিটি বাড়ির জন্য ১২ হাজার টাকা করে শৌচালয় নির্মাণে সহায়তাও দেওয়া হবে বলে শ্রী অধিকারী জানান।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ হুগলির পুরশুরায় সরকারি অনুষ্ঠান মঞ্চ থেকে প্রধানমন্ত্রী কিষাণ সম্মানিনিধি প্রকল্পে কৃষকদের আর্থিক সহায়তা প্রদান করবে। এই প্রকল্পে নথিভুক্ত কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে রাজ্যের প্রদেয় তিন হাজার টাকা পাঠানো হবে। এর ফলে প্রায় ৪৮ লক্ষ কৃষক উপকৃত হবেন। এছাড়াও মুখ্যমন্ত্রী হুগলির ক্ষতিগ্রস্ত আলু চাষীদের সহায়তা করতে একটি বিশেষ প্যাকেজ ঘোষণা করতে পারেন।

উল্লেখ্য, কৃষক বন্ধু প্রকল্পের নাম বদলে মুখ্যমন্ত্রী কিষাণ সম্মান নিধি করা হয়েছে। নতুন নামে এই প্রকল্পটির আজ সূচনা করবেন শ্রী অধিকারী।

পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকারের আমলে বিপুল পরিমাণ রাজস্ব পাচার হয়ে যেত বলে অভিযোগ করেছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সাংবাদিকদের গতকাল তিনি বলেন, ২০২৫ এর পয়লা এপ্রিল থেকে ৩১ শে অক্টোবর পর্যন্ত রাজস্ব আদায়ের পরিমাণ ছিল ৩৩ হাজার ৭৮৮ কোটি টাকা।

অন্যদিকে চলতি বছরের পয়লা এপ্রিল থেকে ৩১ শে অক্টোবর পর্যন্ত রাজস্ব আদায় হয়েছে ৩৭ হাজার ২৮১ কোটি টাকা। এক বছরে প্রায় ৭-৮ হাজার কোটি টাকা রাজস্ব পাচার হয়েছে বলে দাবি করেন তিনি।

দক্ষিণ ২৪ পরগণার সরিষায় তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয় থেকে এক কোটির বেশি নগদ টাকা উদ্ধারের ঘটনারয় মুখ্যমন্ত্রী বলেন, ঐ দলের নেতাদের দুর্নীতির শিকর উপড়ে ফেলা হবে।

বাইট মুখ্যমন্ত্রী

পঞ্চম থেকে অষ্টম শ্রেণীর পাঠ্যক্রমে আগামী শিক্ষা বর্ষ থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইসিটি যুক্ত করা হচ্ছে। এই বিষয়ে বই-ও তৈরি হয়ে গিয়েছে। বিকাশভবনে গতকাল স্কুল শিক্ষা মন্ত্রী দীপক বর্মণ সাংবাদিকদের বলেন, রোবোটিক্স, কোডিং, কৃত্রিম বুদ্ধিমত্তার মত গুরুত্বপূর্ণ বিষয়গুলি সম্পর্কে পড়ুয়াদের জ্ঞান অর্জন অত্যন্ত জরুরী।

বাইট দীপক বর্মণ

স্কুল শিক্ষা মন্ত্রী জানান, নতুন শিক্ষাবর্ষের জন্য সব বিষয়ের পাঠ্য বই তৈরি হয়ে গিয়েছে। প্রতিটি বইয়ে জাতীয় স্তোত্র বন্দে মাতরমের সম্পূর্ণ অংশ থাকছে। শ্যামাপ্রসাদ মুখার্জীর জীবন ও কর্মকান্ড, পশ্চিমবঙ্গ তৈরির ইতিহাস সেখানে যুক্ত করা হয়েছে। বাদ পড়েছে তৃণমূল কংগ্রেসের আমলে যুক্ত হওয়া সিঙ্গুর আন্দোলনের অধ্যায়।

একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের জন্য ওবিসি সংরক্ষণের সংশোধিত তালিকা অনুযায়ী চতুর্থ পর্যায়ের ইন্টারভিউয়ের সূচী তৈরি করা হয়েছে। আগামী ১৮ থেকে ২৫ তারিখ পর্যন্ত ইন্টারভিউ প্রক্রিয়া চলবে। রসায়ন, দর্শন, পুষ্টিবিদ্যা, সমাজতত্ত্ব, কম্পিউটার সায়েন্স, অ্যাকাউন্টেন্সি, হিন্দি, সাঁওতালি, স্ট্যাটিসটিক্স সহ মোট ১৭ টি বিষয়ে প্রার্থীদের ইন্টারভিউ হবে।

স্কুল শিক্ষা দপ্তরের অধীন সব সরকারি অফিসে নেতাজি সুভাষচন্দ্র বসুর ছবি রাখা বাধ্যতামূলক করা হয়েছে। জেলা বিদ্যালয় পরিদর্শকদের এক পাঠানো চিঠিতে স্কুল শিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা জানিয়েছেন, শিক্ষা দপ্তরের অধীনস্থ সব অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানের যথাযথ জায়গায় সম্মানজনকভাবে নেতাজির ছবি রাখতে হবে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগেই জানিয়েছিলেন, সব সরকারি দফতরে নেতাজির ছবি রাখা বাধ্যতামূলক। নেতাজির নির্দিষ্ট ছবি আলিপুরের উত্তীর্ণ থেকে সংগ্রহ করতে হবে বিভাগীয় আধিকারিকদের।

রূপকলা কেন্দ্রে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে চলচ্চিত্র, টেলিভিশন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে বিশেষ ডিগ্রী কোর্স চালু করার চিন্তা-ভাবনা করছে রাজ্য সরকার। তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্ত্তী গতকাল রূপকলা কেন্দ্র পরিদর্শন কোরে অধিকর্তা, অন্যান্য আধিকারিক, শিক্ষক-শিক্ষিকা এবং পড়ুয়াদের সঙ্গে মতবিনিময় করেন। পরে সাংবাদিকদের তিনি জানান, প্রতিষ্ঠানটিকে আগামী দিনে আরও উন্নত, আধুনিক ও কর্মমুখী করে তোলার জন্য সরকারের তরফে যাবতীয় পদক্ষেপ নেওয়া হবে।

ইউনেস্কোর লোগো ব্যবহার করে দুর্গাপুজোর ভুয়ো পাস বিক্রির মামলায় প্রাক্তন মন্ত্রী ধৃত ইন্দ্রনীল সেন ঘনিষ্ঠ ধ্রুবজ্যোতি বসু ওরফে শুভকে পুলিশ গ্রেপ্তার করেছে। পোদ্দার কোর্টের কাছ থেকে গতকাল তাকে ধরা হয়। অভিযুক্ত, মাস আর্ট সংস্থার সম্পাদক বলে জানা গেছে। বউবাজার থানায় দায়ের হওয়া অভিযোগে তার নাম ছিল। ধ্রুবজ্যোতির অ্যাকাউন্টে একাধিক সন্দেহজনক লেনদেনের হদিশ মিলেছে বলে খবর।

পশ্চিম মেদিনীপুরের খড়গপুর রেল স্টেশনে রাহুল সোনি নামে এক যুবকের কাছ থেকে এক কোটি ৪০ লক্ষ টাকা উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। গতকাল সন্দেহজনক গতিবিধি দেখে ঐ ব্যক্তিকে আটক করে জিআরপি। তল্লাশি চালিয়ে তার ব্যাগের ভিতর থেকে পাওয়া যায় ৫০০ টাকার ২৮০ টি বান্ডিল। ঝাড়খন্ডের টাটানগর থেকে এই অর্থ হাওড়ায় নিয়ে যাওয়া হচ্ছিল বলে প্রাথমিক তদন্তে উঠে এসেছে।

---------- ----------